

## ১৪.আল্লাহর যে উত্তর শুনে আমাদের থেমে যেতে হয়

!!!

বিসমিল্লাহ - ওয়াস সালাতু আস সালাম আলা রাসুলিল্লাহ

সমস্ত প্রশংসা জগত সমূহের মালিক, আসমান সমূহের মালিক, জমিন সমূহের মালিক আল্লাহ রব্বুল ইজ্জাত এর জন্যই। যার দিলে এমন রবের পরিচিতি প্রকাশ পেয়ে যাবে (রবের ই অনুগ্রহে) তার দেহ মন স্বতঃস্ফূর্ত ভাবে ভুলুঠিত হবে ভয় মিশ্রিত ভালোবাসায়!

মুসা (আঃ) আল্লাহ কে জিজ্ঞেস করলেন, "ইয়া আল্লাহ আপনি আদম কে নিজের কুদরতি হাতে সৃষ্টি করেছেন, (অর্থাৎ আপনি নিজ হাতে আদম (আঃ) কে তৈয়ার করেছেন) এর পর আপনি নিজে থেকে তাঁর ভিতরে রুহ ফুকে দিয়েছেন, এবং ফেরেশতাদের হুকুম করেছেন তাকে সাজদা করতে, তাকে জান্নাত দিয়েছেন এবং তাঁর তাওবাও কবুল করেছেন। ইয়া আল্লাহ এত নিয়ামতের বিনিময়ে আদম (আঃ) কিভাবে আপনার শুকরিয়া আদায় করেছিলেন?

আল্লাহ বলেন, "হে মুসা আদম এর জন্য তো এতটুকুই যথেষ্ট ছিলো যে সে বলেছিলো, আলহামদুলিল্লাহি রব্বিল আলামিন"

মুসা (আঃ) জিজ্ঞেস করলেন,

ইয়া আল্লাহ কেউ যখন রুকু অবস্থায় আপনাকে ডাকে "ইয়া রাব্ব" - আপনি সেই বান্দার প্রতি কি উত্তর করেন?

আল্লাহ বলেন, আমি বলি লাঝ্বাইয়াকা ইয়া আবদ -

মুসা (আঃ) জিজ্ঞেস করলেন,

ইয়া আল্লাহ কেউ যখন সাজদারত অবস্থায় আপনাকে ডাকে "ইয়া রাব্ব" - আপনি সেই বান্দার প্রতি কি উত্তর করেন?

আল্লাহ বলেন, আমি বলি লাঝ্বাইয়াকা ইয়া আবদ -

মুসা (আঃ) জিজ্ঞেস করলেন,

ইয়া আল্লাহ কোন পাপী বান্দা যখন আপনাকে ডাকে "ইয়া

লাব্ব" আপনি সেই বান্দার প্রতি কি উত্তর করেন?  
আল্লাহ বলেন, আমি বলি

লাব্বাইয়াকা, লাব্বাইয়াকা, লাব্বাইকা ইয়া আবদ !!!

এমন রবের খুব সামান্য প্রশংসাই আমরা করি, কিংবা  
করিইনা, আল্লাহ বলছেন -

-"বরং আল্লাহর ইবাদত কর আর শোকরগুজারদের অন্তর্ভুক্ত  
হও। তারা আল্লাহর যথাযোগ্য মর্যাদা দেয়না। কিয়ামতের  
দিন সমগ্র পৃথিবি তাঁর হাতের মুঠিতে থাকবে, আর আকাশ  
মণ্ডলী থাকবে গুটানো অবস্থায় তাঁর ডান হাতে। মাহাত্ম্য  
তাঁরই, তারা যাদের কে তাঁর (আল্লাহর) সাথে শরিক করে  
তিনি তাদের বহু উর্ধে"

রুমার - ৬৬-৬৭

হে আল্লাহ আপনি আমাদের কে তাদের মধ্যে शामिल করুন  
যারা আপনার প্রশংসাকারী

